

💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১৫২

১. পবিত্রতা (کتاب الطهارة) পরিচ্ছেদঃ ১৭. ইসতিনজার হুকুম

بَابُ الاسْتنْجَاءِ

আরবী

نَا مُحَمَّدُ بْنُ إِسْمَاعِيلَ الْفَارِسِيُّ ، ثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ بْنِ عَبَّادٍ ، نَا عَبْدُ الرَّزَّاقِ ، عَنْ رَمْعَةَ بْنِ صَالِحٍ ، عَنْ سَلَمَةَ بْنِ وَهْرَامَ ، قَالَ : سَمِعْتُ طَاؤُسًا ، قَالَ : قَالَ رَسُولُ اللَّهِ لَا مُعْتَ طَاؤُسًا ، قَالَ : قَالَ رَسُولُ اللَّهِ لَلَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَ : " إِذَا أَتَى أَحَدُكُمُ الْبُرَازَ فَلْيُكْرِمَنَّ قِبْلَةَ اللَّهِ ؛ فَلَا يَسْتَقْبِلْهَا وَلَا يَسْتَقْبِلْهَا وَلَا يَسْتَقْبِلْهَا وَلَا يَسْتَقْبِلْهَا وَلَا يَسْتَدْبِرْهَا ، ثُمَّ لْيَسْتَطِبْ بِثَلَاثَةِ أَحْجَارٍ ، أَوْ ثَلَاثَةِ أَعْوَادٍ ، أَوْ ثَلَاثِ حَثَيَاتٍ مِنْ تُرَابٍ ، ثُمَّ لْيَقُلِ " الْحَمْدُ لِلَّهِ الَّذِي أَخْرِجَ عَنِي مَا يُؤْذِينِي ، وَأَمْسَكَ عَلَيَّ مَا يَنْفَعُنِي

বাংলা

১৫২(১৩). মুহাম্মাদ ইবনে ইসমাঈল আল-ফারিসী (রহঃ) ... সালামা ইবনে ওয়াহ্রাম (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি তাউসকে বলতে শুনেছি, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমাদের কেউ পায়খানায় গেলে সে যেন আল্লাহ তায়ালার কিবলাকে সম্মান করে। অতএব সে কিবলাকে সামনে বা পশ্চাতে রেখে পায়খানা-পেশাব করবে না। অতঃপর সে যেন তিন টুকরা পাথর অথবা তিন টুকরা কাঠ অথবা তিন টুকরা ঢিলা দিয়ে পবিত্রতা অর্জন করে। তারপর সে যেন বলে, "আলহামদু লিল্লাহিল্লায়ী আখরাজা আন্নী মা ইউয়ীনী ওয়া আমসাকা আলাইয়ায় মা ইয়ানফাউনী। (সমস্ত প্রশংসা আল্লাহর যিনি আমার থেকে কষ্টদায়ক বস্তু নির্গত করেছেন এবং উপকারী বস্তু আমার মধ্যে রেখে দিয়েছেন)।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ সালামা ইবনে ওয়াহরাম (রহঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন